

(4)

- ৪। (ক) 'চর্যাপদ' সম্পর্কে যা জান লেখো। ১০
অথবা
(খ) শাক্তপদকর্তা রামপ্রসাদ সেনের কবিপ্রতিভা সম্বন্ধে আলোচনা করো।
অথবা
(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ৫। (ক) 'মনসামঙ্গল' কাব্যধারায় বিজয়গুপ্তের অবদান সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা
(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর প্রতিভার যথাযথ পরিচয় দাও।
অথবা
(গ) 'ধর্মমঙ্গল' কাব্যের কাহিনির বর্ণনা দাও।
- ৬। (ক) 'মহাভারত'-এর বাংলা অনুবাদক হিসেবে কাশীরাম দাসের কাব্যপ্রতিভা আলোচনা করো। ১০
অথবা
(খ) 'মহাভারত' অনুবাদে শ্রীকর নন্দী ও কবীন্দ্র পরমেশ্বরের গুরুত্ব নির্ণয় করো।
- ৭। (ক) মধ্যযুগের বাংলা অনুবাদ সাহিত্যের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা
(খ) কবি দৌলত কাজির সাহিত্যকৃতির পরিচয় তুলে ধরো।

★ ★ ★

3 (Sem-3/CBCS) BEN-HC 3

2 0 2 2

BENGALI

(Honours)

Paper : BEN-HC-3036

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)]

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ১×১০=১০
- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি কে আবিষ্কার করেছিলেন?
(খ) সৈয়দ আলাওল কোন্ রাজার সভাকবি ছিলেন?
(গ) নাথ সাহিত্যের গোরক্ষনাথের গুরুর নাম কী?
(ঘ) 'চৈতন্যভাগবত' গ্রন্থটি কয়টি খণ্ডে বিভক্ত?
(ঙ) বিজয়গুপ্ত 'মনসামঙ্গল'-এর কোন ধারার কবি?
(চ) মুকুন্দ চক্রবর্তীর গ্রন্থটি কোন্ নামে সমধিক পরিচিত?
(ছ) ঘনরাম চক্রবর্তী কোন্ শতকের কবি?
(জ) মালাধর বসু কোন্ উপাধিতে ভূষিত হয়েছিলেন?
(ঝ) শ্রীকর নন্দীর পৃষ্ঠপোষকের নাম কী?
(ঞ) কবীন্দ্র পরমেশ্বর বাংলার কোন্ অঞ্চলের কবি ছিলেন?
(ট) কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর চৈতন্য-জীবনী কাব্যগ্রন্থখানির নাম কী?

- (ঠ) 'অন্নপূর্ণামঙ্গল' বা 'মানসিংহ' কাব্যগ্রন্থের কবির নাম লেখো।
- (ড) 'মনসামঙ্গল'-এর কোন্ কবি 'সুকবিবল্লভ' বা 'কবিবল্লভ' খেতাব লাভ করেছিলেন?
- (ঢ) 'মনসামঙ্গল'-এর কবি নারায়ণ দেবের পূর্বপুরুষের আদিনিবাস কোন্ অঞ্চলে ছিল?
- (ণ) কাশীরাম দাসের পৈতৃক উপাধি কী ছিল?
- (ত) শ্রীকর নন্দী কোন্ গ্রন্থ অবলম্বনে 'মহাভারত'-এর 'অশ্বমেধ পর্ব' অনুবাদ করেছিলেন?
- (থ) কাশীরাম দাস 'মহাভারত'-এর কয়টি পর্ব অনুবাদ করেছিলেন বলে গবেষকরা মনে করেন?
- (দ) কবীন্দ্র পরমেশ্বর কোন্ শাসনকর্তার সভাকবি ছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : $২ \times ৫ = ১০$

- (ক) 'চর্যাপদ'-এর গ্রন্থটি কত খ্রিস্টাব্দে এবং কোন্ স্থান থেকে আবিষ্কার করা হয়েছিল?
- (খ) ভারতচন্দ্রের যে কোনো দুটি কাব্যের নাম উল্লেখ করো।
- (গ) সৈয়দ আলাওল কোন্ বিখ্যাত কবির অর্ধসমাপ্ত কাব্য সমাপ্ত করেছিলেন? সেই কাব্যখানির নাম কী?
- (ঘ) ধর্মপূজার আদি পুরোহিতের নাম কী? তাঁর রচিত ধর্মগ্রন্থটির নাম কী?
- (ঙ) বাংলার 'ভাগবতপুরাণ'-এর প্রথম অনুবাদক কে? তাঁর পিতা ও মাতার নাম কী?
- (চ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথি কে, কোথা থেকে আবিষ্কার করেছিলেন?

- (ছ) 'চর্যাপদ'-এর পুঁথিতে মোট কয়টি পদ পাওয়া গেছে? কতজন পদকর্তা এই পদগুলি রচনা করেছিলেন?
- (জ) কৃষ্ণিবাস ওয়ার পারিবারিক উপাধি কী ছিল? তাঁর পিতা কে ছিলেন?
- (ঝ) কৃষ্ণিবাসের 'রামায়ণ পাঁচালী' প্রথম কোথা থেকে, কার উদ্যোগে মুদ্রিত হয়?
- (ঞ) রূপরাম চক্রবর্তী কোন্ জেলার কোন্ বংশে জন্মগ্রহণ করেন?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- (ক) সৈয়দ আলাওলের 'পদ্মাবতী' কাব্যের পরিচয় দাও।
- (খ) চৈতন্য-জীবনীকার হিসেবে কৃষ্ণদাস কবিরাজের কৃতিত্ব বিচার করো।
- (গ) 'মনসামঙ্গল'-এর কবি নারায়ণ দেবের কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো।
- (ঘ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্মমঙ্গল'-এর বৈশিষ্ট্য বিচার করো।
- (ঙ) মালাধর বসুর ভাগবতের অনুবাদ সম্বন্ধে যা জান লেখো।
- (চ) 'রামায়ণ' অনুবাদে কৃষ্ণিবাসের কৃতিত্ব বিশ্লেষণ করো।
- (ছ) 'চর্যাপদ' গ্রন্থের নামকরণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (জ) নাথ সাহিত্যের গোরক্ষনাথ বৃন্তের কাহিনি সম্পর্কে যা জান লেখো।
- (ঝ) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার কবি দ্বিজমাধবের কাব্যের পরিচয় দাও।